

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

চসিক আয়োজিত অমর একুশে বইমেলা-২৩
উপলক্ষে মতবিনিময় ও সংবাদ সম্মেলন কাল

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে বইমেলা-২০২৩ উপলক্ষে আগামীকাল ০৬ ফেব্রুয়ারি বিকাল ৩টায় সিজেকেএস জিমনেশিয়াম প্রাঙ্গণস্থ মেলা কার্যালয়ে বইমেলা কমিটির উপদেষ্টা ও কর্মকর্তাদের এক মতবিনিময় সভা এবং একই স্থানে বিকাল সাড়ে ৪টায় সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। উভয় অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বক্তব্য রাখবেন।

উল্লেখ্য ০৮ থেকে ২৮ ফেব্রুয়ারি ২১দিনব্যাপী জিমনেশিয়াম মাঠে অমর একুশে বইমেলা অনুষ্ঠিত হবে। ৮ ফেব্রুয়ারি বুধবার বিকাল ৪টায় বইমেলায় উদ্বোধন করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি। এতে সভাপতিত্ব করবেন সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮